

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারা দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ গণবিজ্ঞপ্তির মাধ্যমে (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) হতে নিয়োগ সুপারিশের কাজসহ চতুর্থ গণবিজ্ঞপ্তি, ১৭ তম নিবন্ধন পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক অসাধু ব্যক্তি/ব্যক্তিবর্গ/চক্র/নিজেদের হীন স্বার্থসিদ্ধির জন্য এনটিআরসিএ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নাম ও টেলিফোন নম্বর ব্যবহার করে নিয়োগ প্রদানের নামে বিভিন্ন ব্যক্তির সাথে যোগাযোগ করছে যা আইনত দণ্ডনীয় অপরাধ। প্রবেশ পর্যায়ে শিক্ষক নিয়োগের জন্য আবেদন অনলাইনে গ্রহণ করা হয়েছে। প্রার্থী নির্বাচন, প্রার্থীর বিপরীতে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন এবং প্রার্থীদের নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানে পদায়নসহ সকল কার্যক্রম নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটারে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে সম্পাদন করা হয় এবং টেলিটকের মাধ্যমে এসএমএস প্রদান করা হয়। অসাধু ব্যক্তি/চক্রের পক্ষে কোন প্রার্থীর অনুকূলে কাজ করার কোন সুযোগ নেই। বর্ণিত অবস্থায় কোন ব্যক্তি/প্রতারকের মিথ্যা আশ্বাসে বিভ্রান্ত না হবার জন্য এবং এনটিআরসিএ'র বিষয়ে কারো সাথে কোনো ধরনের আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এ বিষয়ে এনটিআরসিএ কর্তৃক সংশ্লিষ্ট থানায় ইতোমধ্যে জিডি করা হয়েছে।

অনুরোধক্রমে

সচিব (উপসচিব)

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(এনটিআরসিএ), ঢাকা।